গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

## বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা-১৩৪১

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১ | 'বিএলআরআই ফিড মাস্টার' মোবাইল অ্যাপ | বিএলআরআই ফিডমাস্টার একটি অ্যান্ড্রয়েড মোবাইল অ্যাপ্লিকেশন যা খামার ব্যবস্থাপনায় পরামর্শক হিসাবে কাজ করতে সক্ষম। অ্যাপ্লিকেশনটি বয়স, লিঙ্গ এবং উৎপাদন অবস্থার উপর ভিত্তি করে বুকের মাপ ও দৈর্ঘ্য অথবা ওজন প্রদান সাপেক্ষে অতি অল্প সময়ে প্রাণীর (গরু এবং মহিষ) পুষ্টির চাহিদা পূরণের জন্য সুষম রেশন তৈরি করতে পারে। সেই সাথে প্রাণীর দৈনন্দিন প্রয়োজনীয় সবুজ ঘাসের পরিমাণ নির্ধারণের পাশাপাশি খামারিদেরকে মাসিক এবং বাৎসরিক ঘাস উৎপাদন পরিকল্পনা প্রণয়নের সাথে সাথে প্রাণীর বিভিন্ন উৎপাদন অবস্থায় খাদ্য সরবরাহের দিক নির্দেশনা প্রদান করতে পারে। | কার্যকর রয়েছে | হ্যাঁ | **ওয়েব লিংকঃ** https://greenway-blri.org/feedmaster/ <br><br> **প্লে-স্টোর লিংকঃ** https://play.google.com/store/apps/details?id=com.rashedmarjan.feedmaster&hl=en&gl=US | |
| ০২ | 'খামার গুরু' মোবাইল অ্যাপ | মোবাইল অ্যাপ্লিকেশনটি গরু ও মহিষ হৃষ্টপুষ্টকরণ, ছাগল পালন, দেশী মুরগি পালন ও ডেইরি ফার্ম স্থাপনের ডিজিটাল প্যাকেজ প্রদান করা হয়েছে এবং প্রতিটি প্যাকেজে সংশ্লিষ্ট সকল বৈজ্ঞানিক জটিল হিসাব একাধিক সহজ ক্যালকুলেটরের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে। | কার্যকর রয়েছে | হ্যাঁ | **ওয়েব লিংকঃ** http://khamarguru.com/ <br><br> **প্লে-স্টোর লিংকঃ** https://play.google.com/store/apps/details?id=bd.gov.blri.khamarguru&hl=en&gl=US | |
| ০৩ | 'বিএলআরআই ব্রিডিং ম্যানেজার' মোবাইল অ্যাপ | বিএলআরআই ব্রিডিং ম্যানেজার মোবাইল অ্যাপ্লিকেশনটি ব্যবহার করে খামারি খামারে না গিয়েও খামারের সঠিক প্রজনন ব্যবস্থাপনা করতে পারেন। এই অ্যাপ ব্যবহার করে একজন সেবাগ্রহীতা স্বয়ংক্রিয় এলার্ম-এর মাধ্যমে গাভীর গরম হওয়া, প্রেগনেন্সি ডায়াগনোসিস ও বাচ্চা প্রদানের সম্ভব্য তারিখ সর্ম্পকে পূর্ব হতেই অবহিত হতে পারবেন। খামারের প্রজনন সর্ম্পকিত সকল তথ্য সংরক্ষণ ও তার সঠিক ব্যবস্থাপনার ফলে খামারের কাঙ্খিত জাত উন্নয়ন সম্ভব হবে। | কার্যকর রয়েছে | হ্যাঁ | **প্লে-স্টোর লিংকঃ** https://play.google.com/store/apps/details?id=com.rashedmarjan.breedingmanagerblri&hl=en&gl=US | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৪ | বিএলআরআই প্রশিক্ষণ জানালা (ডিজিটাল প্রশিক্ষণ সেবা) | সেবা সহজীকরণের আওতায় বর্তমানে ধারণাটি বাস্তবায়নাধীন রয়েছে। এর অংশ হিসেবে পরীক্ষামূলকভাবে একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে যার মাধ্যমে খামারিগণ প্রশিক্ষণ বিষয়ে অবহিত হচ্ছেন। অচিরেই বিএলআরআই কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহ সফটওয়্যারটিতে যুক্ত করা হবে। ধারণাটি সম্পূর্ণরূপে বাস্তবায়িত হলে খামারিগণ বিএলআরআই-এ না এসে অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণ বিষয়ক যাবতীয় তথ্য জানতে পারবেন এবং প্রশিক্ষণে অংশ নিতে পারবেন। | কার্যকর রয়েছে | হ্যাঁ | **ওয়েব লিংকঃ** http://elearning-blri.com/ | |
| ০৫ | বিএলআরআই এসএমএস গেটওয়ে | জরুরী প্রয়োজনে দাপ্তরিক বার্তা বা নোটিশ প্রদান, কার্যাবলি সম্পর্কে অবহিতকরণ বা নোটিশ প্রদানের মাধ্যম হিসেবে বর্তমানে এসএমএস গেটওয়েটি ব্যবহৃত হচ্ছে। | কার্যকর রয়েছে | হ্যাঁ | - | |
| ০৬ | আইপি টেলিফোন সেবা | যোগাযোগের জন্য বিএলআরআই-এর মূল কেন্দ্রের কর্মকর্তাগণ অভ্যন্তরীনভাবে এবং মূল কেন্দ্রের সাথে সহজে যোগাযোগের মাধ্যম হিসেবে আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তাগণ আইপি টেলিফোন ব্যবহার করছেন। | কার্যকর রয়েছে | হ্যাঁ | - | |
| ০৭ | TEEAL (The Essential Electronic Agricultural Library)- একটি ইলেকট্রনিক জার্নাল সেবা | গবেষণার প্রয়োজনে বিএলআরআই বিজ্ঞানীবৃন্দ ইলেকট্রনিক জার্নাল ডাটাবেজটি ব্যবহার করছেন। | কার্যকর রয়েছে | হ্যাঁ | কেবলমাত্র বিএলআরআই-এর LAN ব্যবহার করে সেবাটি গ্রহণ করা যায় | |
| ০৮ | ডিজিটাল চাহিদাপত্র | বর্তমানে বিএলআরআই ওয়েবসাইটে ডিজিটাল চাহিদাপত্রের একটি সফটওয়্যার সন্নিবেশ করা হয়েছে। কর্মকর্তা কর্মচারীরা তাদের দাপ্তরিক প্রয়োজনীয় জিনিসপত্রের চাহিদা সফটওয়্যার ব্যবহার করে দিতে পারছেন। | কার্যকর রয়েছে | হ্যাঁ | **ওয়েব লিংকঃ** http://www.app-blri.org/login | |
| ০৯ | বিএলআরআই ই-বুক | বিএলআরআই হতে প্রকাশিত বিভিন্ন প্রযুক্তি বিষয়ক লিফলেট, ফোল্ডার, ম্যানুয়াল, প্রশিক্ষণ গাইডলাইন, প্রযুক্তি নির্দেশিকা প্রভৃতি প্রকাশনাসমূহ অনলাইনে সহজলভ্য করার জন্য একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে এবং বিএলআরআই-এর ওয়েবসাইটে সন্নিবেশিত করা হয়েছে। এতে করে জনসাধারণ খুব সহজে ঘরে বসে বিএলআরআই-এর প্রকাশনাসমূহ পড়তে বা ডাউনলোড করতে পারছে এবং অর্জিত জ্ঞান খামার ব্যবস্থাপনায় কাজে লাগাতে পারছে। | কার্যকর রয়েছে | হ্যাঁ | **ওয়েব লিংকঃ** http://ebook-blri.org/ebook/home | |